



০৮ মে, ২০২৪

বাজুস/নোটিশ/০২৮/৫৩১(১)/২০২৪

নোটিশ

সম্মানিত সদস্যবৃন্দ,

শুভেচ্ছা জানবেন। আপনাদের জানানো যাচ্ছে যে, বাংলাদেশ জুয়েলার্স এসোসিয়েশন-বাজুসের কার্যনির্বাহী কমিটির সভা গত ০৭ মে, ২০২৪ অনুষ্ঠিত হয়। সভায় সার্বিক পরিস্থিতি বিবেচনায় এনে সর্বসম্মতিক্রমে কিছু নিয়ম নীতির পরিবর্তন করা হয়েছে, যা নিম্নরূপ:

১. নিজ নিজ প্রতিষ্ঠানের ১৮, ২১ ও ২২ ক্যারেটের সোনার অলংকার পরিবর্তনের ক্ষেত্রে ১০ শতাংশ ও ক্রেতার নিকট থেকে ক্রয়ের ক্ষেত্রে ১৫ শতাংশ বাদ দিতে হবে।
২. সনাতন সোনার অলংকার ক্রেতার নিকট থেকে ক্রয়ের সময় ১৫ শতাংশ বাদ দিতে হবে।
৩. সোনার অলংকার বিক্রয়ের সময় ন্যূনতম ৬ শতাংশ মজুরী গ্রহণ করতে হবে।
৪. ক্রেতা সাধারণের নিকট থেকে সরকার নির্ধারিত হারে ভ্যাট সংগ্রহ করে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে।
৫. এই নোটিশটি নিজ প্রতিষ্ঠানের দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে।

এ বিষয়ে আপনাদের আন্তরিক সহযোগিতা কামনা করছি।

ধন্যবাদসহ

বাদল চন্দ্র রায়
সাধারণ সম্পাদক